

## 💵 আর-রাহীকুল মাখতূম

विভাগ/অধ্যায়ঃ খায়বার ও ওয়াদিল কুরা যুদ্ধ (মুহাররম, ٩ম হিজরী) ٧ غَزْوَةُ خَيْبَرَ وَوَادِيْ الْقُرٰي (في المحرم سنة ٥)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

খায়বার অঞ্চলে ইসলামী সৈন্যদল (الْجَيْشُ الْإِسْلاَمِيْ إِلَى أَسْوَار خَيْبَر):

যে প্রভাতে খায়বার যুদ্ধ আরম্ভ হয় মুসলিম সৈন্যদল তার পূর্ব রাত্রি খায়বারের সন্নিকটে অতিবাহিত করেন। কিন্তু ইহুদীগণ এ ব্যাপারে কোন খবর পায় নি। রাস্লুল্লাহ (ﷺ) এর নিয়ম ছিল, কোন সম্প্রদায়ের উপর আক্রমণ পরিচালনা করতে চাইলে সেখানে গিয়ে রাত্রি যাপন করতেন এবং সকাল না হওয়া পর্যন্ত আক্রমণ পরিচালনা করতেন না। এ প্রেক্ষিতে রাত যখন শেষ হওয়ার উপক্রম হল তখন অন্ধকার থাকা অবস্থায় তিনি ফজরের সালাত আদায় করলেন। অতঃপর ঘোড়সওয়ার মুসলিম সৈন্যগণ খায়বার অভিমুখে অগ্রসর হলেন। এদিকে খায়বারবাসীগণ তাদের প্রাত্তহিক কাজের ন্যায় আজও চাষাবাদের কাজের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি নিয়ে মাঠের দিকে যাচ্ছিল। কিন্তু অগ্রসরমান মুসলিম সৈন্যদের হঠাৎ দেখতে পেয়ে তারা শহরের দিকে দৌড় দিয়ে যেতে যেতে চিৎকার করে বলতে থাকল যে, 'আল্লাহর কসম! মুহাম্মাদ (ﷺ) তাঁর সৈন্য সহকারে এসে গেছেন। নাবী কারীম (ﷺ) এ দৃশ্য দেখে বললেন, تُمَرِيَتُ حُنِيْرَ، اللهُ أَكُبُرُ، خَرِيَتُ أَلْ الْمَا الْمَا الْمَا الْمُا الْمُا الْمُا الْمُا الْمُا الْمُا الْمَا الْمُ الْمَا اللْمُ الْمَا الْمَا

## ফুটনোট

[1] সহীহুল বুখারী খায়বার যুদ্ধ অধ্যায় ২য় খন্ড ৬০৩-৬০৪ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6340

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন